

‘স্মার্ট বাংলাদেশ’ ধারণাটি বঙ্গবন্ধুর জীবন দর্শন থেকে নেওয়া: ঢাবি উপাচার্য

ঢাবি প্রতিবেদক

১৫ আগস্ট ২০২৩ ০৬:৩১ পিএম | আপডেট: ১৫ আগস্ট ২০২৩ ০৭:৫৬ পিএম

6
Shares



আলোচনা সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। ছবি: আমাদের সময়

advertisement..

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেছেন, ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দর্শন, অসাম্প্রদায়িক মানবিক মূল্যবোধ- এগুলোর সমন্বয়েই মূলত স্মার্ট বাংলাদেশ। স্মার্ট বাংলাদেশ ধারণাটি বঙ্গবন্ধুর দর্শন থেকে নেওয়া।’

আজ মঙ্গলবার বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) মিলনায়তনে বঙ্গবন্ধুর ৪৮তম মৃত্যুবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

advertisement

উপাচার্য আখতারুজ্জামান বলেন, ‘শিক্ষা এবং জীবন দর্শন এই দুটির মধ্যে কোনো পার্থক্য বঙ্গবন্ধুর জীবনে ছিল না। দেশ স্বাধীন হওয়ার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা যখন অটো পার্কের দাবি তুলেছিল তখন বঙ্গবন্ধু একটি কথা বলেছিলেন, “এই যে নতুন প্রতিষ্ঠিত একটি রাষ্ট্র, এই দেশকে যদি একটি অনন্য উচ্চতায় নিয়ে যেতে হয় তাহলে দক্ষ মানবসম্পদ তৈরির বিকল্প নেই। সেটির জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় নেতৃত্ব দিবে।” বঙ্গবন্ধু বলেন, “তোমাদের যতটুকু সময় লাগে তোমরা নাও। সেই সময়ের সদ্যবহার করে তোমরা তোমাদের জীবনে জ্ঞান এবং দক্ষতা যাতে অর্জন করতে পারো এবং পরে দেশ ও জাতিকে নেতৃত্ব দিতে পারো।” একটি সদ্য স্বাধীন দেশে শিক্ষা নিয়ে বঙ্গবন্ধুর এ ধরনের চিন্তাভাবনা ছিল। যা আমাদেরকে অনুপ্রেরণা দেয়।’

উপাচার্য আরও বলেন, ‘প্রযুক্তি এবং জ্ঞান নির্ভর যে অর্থনীতি এবং সমাজ যেটিকে আমরা বলছি, স্মার্ট বাংলাদেশের একটি বড় অনুষঙ্গ। প্রযুক্তি এবং জ্ঞান এই দুটির সমন্বয় ঘটানো খুব জরুরী। এটির বিকাশ ঘটবে বিশ্ববিদ্যালয়ে।’

আরও পড়ুন: গণতন্ত্রে বিশ্বাস করলে সহনশীল হতেই হবে: প্রধান বিচারপতি

আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক মুহাম্মদ সামাদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক এ এস এম মাকসুদ কামাল, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক জিনাত হুদা, কোষাধ্যক্ষ মমতাজ উদ্দিন আহমেদ, ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি আনোয়ার আলম চৌধুরী ও মহাসচিব মোল্লা আবু কাউছার, ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক তানভীর হাসানসহ অন্যান্য শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।